# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, শেরেবাংলা নগর
আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

**বিষয়:** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ২৯ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ডিসেম্বর ২০২২ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

**সভাপতি** : জনাব মোঃ আলী আকবর খান
চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

**সময়** : বৃহস্পতিবার বেলা ৩.০০ ঘটিকা।

স্থান : সভাকক্ষ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

সভায় উপস্থিতির তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বোর্ডের উপসচিব বিগত ৩০ নভেম্বর ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী এ সভায় দৃঢ়ীকরণ করা হয়। অতপর বোর্ডের উপসচিব (প্রশাসন) সভার সভাপতি চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে সভায় আলোচ্যসূচি উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয় ঃ

| বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন ও নিশ্চিতকরণ | সভায় গত ৩০ নভেম্বর ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হয় কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। | |
| ই-ফাইলিং কার্যক্রম সম্পর্কিত আলোচনা | বোর্ডের কর্মকর্তা-কর্মচারিগণ ই-ফাইলিং এর মাধ্যমে পত্রজারি কার্যক্রম অব্যাহত রেখেছেন। ৩১ ডিসেম্বর ২০২২ খ্রি. পর্যন্ত ই নথিতে মোট নোট নিষ্পত্তির সংখ্যা ২২টি এবং পত্রজারির সংখ্যা ৭টি। | ক) সকল বিভাগীয় প্রধান<br>খ) কম্পিউটার সেল (সিস্টেম এনালিস্ট) |
| ই-টেন্ডারিং | জরুরি প্রয়োজন ব্যতীত বোর্ডের সকল প্রকার ক্রয় প্রক্রিয়া শুধুমাত্র ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ডিসেম্বর ২০২২ মাসে মোট ই-জিপি টেন্ডার (রি-টেন্ডার) ২টি (লাইভে যাবে) ডকুমেন্ট সম্পন্ন হয়েছে, ই-জিপি টেন্ডার ৫টি (লাইভে যাবে) ডকুমেন্ট সম্পন্ন হয়েছে, ই-জিপি ওপেন টেন্ডার ২টি, ই-জিপি টেন্ডার মূল্যায়ন চলমান ৩টি, ই-জিপি টেন্ডার-NOA/কার্যাদেশ প্রদান ২টি, নিলাম কোটেশন এর মালামাল সরবরাহ-১টি (পুরাতন কাগজ বিক্রয়), আরএফকিউ ১টি (মূল্যায়ন চলমান)। ফ্রেমওয়ার্কের আওতায় ক্রয় প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শাখা কে নির্দেশনা দেয়া | প্রশাসন বিভাগের স্টোর/প্রকিউরমেন্ট/ সংস্থাপন শাখা |
| ইন-হাউজ প্রশিক্ষণ | ২য় কোয়ার্টারে ১৬তম গ্রেড হতে তদুর্ধ্ব কর্মকর্তা-কর্মচারিদের ৩টি ব্যাচে ই-নথির প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জানুয়ারি ২০২৩ মাসে বাকি কর্মকর্তাদের ই-নথির প্রশিক্ষণ প্রদান করা হবে। | প্রশাসন বিভাগের সংস্থাপন শাখা |
| জিআরএস | বোর্ডের উপসচিব (প্রশাসন) সভাকে জানান যে, জিআরএস প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। এ সংক্রান্ত আইডিতে প্রবেশ করে অভিযোগ যাচাই করা হয়েছে। ডিসেম্বর ২০২২ মাসের ওয়েবসাইটের মাধ্যমে প্রাপ্ত অভিযোগের সংখ্যা ২৪টি এবং পূর্ববর্তী মাসের জের ৫টি সহ মোট অভিযোগের সংখ্যা ২৯টি। এ মাসে ২৬টি অভিযোগ নিষ্পত্তি হয়েছে বাকী অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। | প্রশাসন বিভাগ |
| অডিট আপত্তি নিষ্পত্তি | হিসাব শাখা থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ি ৩৩টি অডিট আপত্তি রয়েছে। ডিসেম্বর ২০২২ মাসে কোন অডিট আপত্তি নিষ্পত্তি হয়নি। প্রতি মাসে কমপক্ষে একটি করে অডিট আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়টি চলমান আছে। | প্রশাসন বিভাগের হিসাবরক্ষণ শাখা |
| মামলা সংক্রান্ত | বোর্ডের কর্মচারি কর্তৃক মামলার সংখ্যা ১৭টি এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন বিষয়ে মামলার সংখ্যা ৩২টি সহ মোট মামলার সংখ্যা ৪৯টি। বর্তমানে সবগুলো মামলা বিচারাধীন। | প্রশাসন বিভাগ |
| শাখাওয়ারী অনিষ্পন্ন পত্রাদি সম্পর্কে আলোচনা | বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ ডিসেম্বর ২০২২ তারিখ পর্যন্ত অনিষ্পন্ন বিষয়াদি পাওয়া যায়নি, পরিদর্শন বিভাগ ডিসেম্বর ২০২২ তারিখ পর্যন্ত অনিষ্পন্ন বিষয়াদি ১৭৭টি, কারিকুলাম বিভাগের ডিসেম্বর ২০২২ তারিখ পর্যন্ত অনিষ্পন্ন বিষয়াদি ৭টি, NTVQF বিভাগের ডিসেম্বর ২০২২ তারিখ পর্যন্ত অনিষ্পন্ন বিষয়াদি পাওয়া যায়নি এবং প্রশাসন বিভাগের ডিসেম্বর ২০২২ পর্যন্ত কোন অনিষ্পন্ন বিষয়াদি নেই। শাখাওয়ারী অনিষ্পন্ন পত্রাদি যাতে এক সপ্তাহের বেশি পেন্ডিং না থাকে সেদিকে সকল বিভাগীয় প্রধানকে কঠোরভাবে দৃষ্টি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। সচিবালয় নির্দেশমালা অনুযায়ি বিভাগীয় প্রধানগণকে স্ব স্ব বিভাগ/শাখা পরিদর্শন করার বিষয়ে জোরালো সিদ্ধান্ত গৃহিত হয়। | সকল বিভাগীয় প্রধান |

| | | |
|---|---|---|
| ইনোভেশন বিষয়ে আলোচনা | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ ইনোভেশন আইডিয়া প্রণয়ন করে (দুইটি ইনোভেশন আইডিয়া) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক প্রেরিত ছক অনুযায়ি ইতোপূর্বে উহা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং শিক্ষার্থীদের তথ্য সংশোধন বিষয়ক ই-সেবা প্লাটফর্ম চালু করা হয়েছে। বোর্ডের ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট তাদের দায়িত্ব সঠিক ভাবে পালন করছেন। | ইনোভেশন সম্পর্কিত গঠিত কমিটি |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর অগ্রগতি সম্পর্কে আলোচনা | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর বিকল্প ফোকাল পয়েন্ট জনাব মো. হুমায়ুন কবির, মূল্যায়ন কর্মকর্তা ও উপপরিদর্শক এসএসসি ভোক. (অ.দা) জানান ১৩ অক্টোবর প্রথম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর ২০২২) এর অর্জন প্রতিবেদন (https://apams.cabinet.gov.bd) দাখিল করা হয়েছে। সকল বিভাগীয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে অগ্রগতি প্রতিবেদন এবং অবগতিপত্র ইমেইল প্রেরণ করা হয়েছে। তাছাড়া বিভাগীয় প্রধানদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সংক্রান্ত হালনাগাদ তথ্য যথাসময়ে বিকল্প ফোকাল পয়েন্ট এর নিকট সরবরাহ করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | ক) কারিকুলাম বিভাগ।<br>খ) গঠিত কমিটি |
| জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে অগ্রগতি | বোর্ডের বিভাগীয় প্রধানগণকে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয় এবং মন্ত্রণালয়ের দেয়া নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার কৌশল কার্যক্রম সম্পন্ন এবং প্রতি মাসের শেষ সোমবার গণশুনানীর আয়োজন করা হচ্ছে। | প্রশাসন বিভাগ |
| এসডিজি কর্মপরিকল্পনা | বোর্ডের সচিব সভায় এসডিজি কর্মপরিকল্পনা সম্পর্কে বিশদ আলোচনা করেন। এসডিজি কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সবাইকে একযোগে কাজ করার জন্য অনুরোধ জানান। | সকল বিভাগীয় প্রধান |
| প্রকল্প | বোর্ডে বর্তমানে দুইটি প্রকল্প (১) BTEB ভবন-৩ প্রকল্প (২) "Establishment International Standard Welding Training Lab Project" শীর্ষক প্রকল্পের ল্যাব স্থাপন ও যন্ত্রপাতি আমদানি কার্যক্রম চলমান আছে। | প্রকল্প পরিচালক |
| বিবিধ | বোর্ডের ভবন-১ ও ভবন-২ এর দৃশ্যমান স্থানে সিটিজেন চার্টার স্থাপনের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>১) প্রফেসর মোঃ মামুন উল হক, পরিচালক (আইটিসি)- আহ্বায়ক<br>২) জনাব মোঃ আবুল হোসেন, উপসচিব (প্রশাসন)-সদস্য<br>৩) ড. রাজু মুহম্মদ শহীদুল ইসলাম, উপ পরিচালক (গবেষণা)-সদস্য<br>৪) ড. ইন্দ্রানী ধর, উপ পরিদর্শক (বিএমটি)-সদস্য<br>৫) প্রকৌ. মোহাম্মদ সামসুল আলম, সিস্টেম এনালিস্ট-সদস্য সচিব | |

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় বোর্ডের সকল কর্মকর্তাকে তাদের উপর অর্পিত দায়িত্ব দক্ষতা, সততা ও নিষ্ঠার সাথে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/১২/২২

(মোঃ আলী আকবর খান)
চেয়ারম্যান

স্মারক নং ৫৭.১৭.০০০০.১০২.১৮.০৩৪.১৭-৭৭০(৯)

তারিখ: ২৯ ডিসেম্বর ২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-

১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২-৭। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি)/প্রকল্প পরিচালক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। সকল কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। সংশ্লিষ্ট নথি।

২৯/১২/২২

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)
সচিব